

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০১৫-২০১৬/৫৩৯

তারিখ : ১৪/০২/২০১৬ খ্রিঃ

হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জয়পুরহাট পৌরসভার নিয়ন্ত্রণাধীন খনজনপুর বাজার, মাছুয়া বাজার, পূর্ব বাজার, নতুন হাট গো-হাটি সহ বাংলা ১৪২৩ সালের জন্য (১লা বৈশাখ হইতে ৩০শে চৈত্র ১৪২৩) ০১ (এক) বৎসর মেয়াদে শর্ত সাপেক্ষে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাইতেছে :


ক্রঃ নং	ইজারা প্রদানের বিষয়	দরপত্র সিডিউলের বিক্রয় মূল্য (অফেরতযোগ্য)
০১	খনজনপুর বাজার, মাছুয়া বাজার, পূর্ব বাজার, নতুন হাট গো-হাটি সহ	২৮,০০০.০০ (আটাশ হাজার) টাকা মাত্র

দরপত্র বিক্রয় ও দাখিলের সময়সূচী

বিবরণ	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়	মন্তব্য
১ম বার	২৮/০১/২০১৬	৩১/০১/২০১৬ বেলা ১:০০ টা পর্যন্ত	৩১/০১/২০১৬ বেলা ১:৩০ টা পর্যন্ত	উল্লেখিত তারিখ অনুযায়ী প্রয়োজন বোধে পর্যায়ক্রমে দরপত্র আহবান অব্যাহত থাকিবে/তবে যে কোনবার দরপত্র অনুমোদিত হইলে পরবর্তীতে দরপত্র আহবান সংক্রান্ত সকল কার্যক্রম বন্ধ বলিয়া গণ্য হইবে। বিগত ০৩(তিন) বছরের গড় ইজারা মূল্য ১,৩৬,১২,৩৩৩/- (এক কোটি ছত্রিশ লক্ষ বার হাজার তিনশত তেত্রিশ) টাকা মাত্র।
২য় বার	১৫/০২/২০১৬	১৬/০২/২০১৬ বেলা ১:০০ টা পর্যন্ত	১৬/০২/২০১৬ বেলা ১:৩০ টা পর্যন্ত	
৩য় বার	২৮/০২/২০১৬	২৯/০২/২০১৬ বেলা ১:০০ টা পর্যন্ত	২৯/০২/২০১৬ বেলা ১:৩০ টা পর্যন্ত	

শর্তাবলী :

- ১। দরপত্র সিডিউল উলে-খিত তারিখে অফিস চলাকালীন সময় পর্যন্ত অত্র পৌরসভা কার্যালয়, জেলা প্রশাসক ও পুলিশ সুপার, জয়পুরহাট এর কার্যালয় হইতে নগদ মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাইবে। সরকারী ছুটি এবং দরপত্র দাখিলের দিন কোন সিডিউল বিক্রয় করা হইবে না। এ বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য জয়পুরহাট পৌরসভার প্রকৌশল বিভাগে যোগাযোগ করা যাইতে পারে।
- ২। দরপত্র সমূহ বেলা ১:০০ ঘটিকা পর্যন্ত জয়পুরহাট পৌরসভা কার্যালয়, জেলা প্রশাসক ও পুলিশ সুপার, জয়পুরহাট এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাস্কে ইজারা দরপত্র বিজ্ঞপ্তিতে উলে-খিত তারিখে গ্রহণ করা হইবে এবং উক্ত তারিখেই বেলা ১:৩০ ঘটিকায় দরপত্র দাতাদের উপস্থিতিতে অথবা তাদের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিদের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে।
- ৩। দরপত্রদাতাকে তার দাখিলকৃত দরের ৩০% টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে (চেক গ্রহণযোগ্য নহে) মেয়র, জয়পুরহাট পৌরসভা বরাবরে দরপত্রের সাথে জমা দিতে হইবে।
- ৪। গৃহীত বা অনুমোদিত দরদাতাকে (কৃতকার্য দরপত্র দাতা) তার দাখিলকৃত দরের উপর সরকারী বিধি মোতাবেক ১৫% ভ্যাট এবং ৫% উৎস কর সংশ্লিষ্ট খাতে জমা দিতে হইবে।
- ৫। অত্র ইজারা দরপত্র বিজ্ঞপ্তিটি সংক্ষিপ্ত। বিধায় বিস্তারিত তথ্যের জন্য অত্রাফিসের প্রকৌশল বিভাগ ও বাজার শাখায় যোগাযোগ করা যেতে পারে।
- ৬। যে কোন দরপত্র বা সমুদয় দরপত্র গ্রহণ কিংবা বাতিল করিবার ক্ষমতা পৌর কর্তৃপক্ষ সংরক্ষণ করে।


মেয়র

জয়পুরহাট পৌরসভা।


১৪/০২/২০১৬